

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পরিশোধন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০৪৩.২৩ নথির বিষয়: Supply of Furniture interior decoration items for the renovation of Superintending Engineer room of WSTP Circle
নোট: ১ নোটের বিষয়: Supply of Furniture interior decoration items for the renovation of Superintending Engineer room of WSTP Circle

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/১০/২৩ ৬:৫১ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৪ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এবং প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। শোধনাগার দুইটি অতীব গুরুত্বপূর্ণ কেপিআই ভুক্ত একটি জাতীয় স্থাপনা। অত্র প্ল্যান্টে প্রায়শই বিভিন্ন মেডিক্যাল কলেজ, বিশ্ববিদ্যালয়, বিদেশী অতিথি, দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভিজিট করে থাকেন। অত্র শোধনাগারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি ও পরিশোধন শোধনাগার সার্কেল মহোদয়ের অফিস কক্ষ রয়েছে। আলোচ্য অফিস কক্ষের চেয়ার, টেবিলগুলি দীর্ঘদিনের (প্রায় ১০ বছরের অধিক) পুরাতন, যেগুলি পরিবর্তন করা দরকার। তাছাড়া অফিস কক্ষের আধুনিক ডেকোরেশন যথা ডেকোরেটিভ সিলিং, ওয়াল প্যানেলিং, নতুন ডিরেক্টর টেবিল এবং ডিরেক্টর ও ভিজিটর চেয়ার সংগ্রহসহ প্রভৃতি কাজ করার প্রয়োজন আছে। আলোচ্য কাজগুলি সম্পাদন করার লক্ষ্যে ইজিপি-তে প্রাপ্ত সর্বনিম্ন গৃহিত দর ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রমিক-৪)।

সংযুক্তিসমূহ (৪):

- ১। সংযুক্ত ক্রমিক নং- ০১। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। সংযুক্ত ক্রমিক নং- ০২। আলোচ্য কাজের কোটেশনের জন্য প্রেরিত চিঠি।
- ৩। সংযুক্ত ক্রমিক নং- ০৩। অনুমোদিত দর ও বাজার দরের স্বপক্ষে প্রাপ্ত কোটেশন ও তুলনামূলক দর বিশ্লেষণ।
- ৪। সংযুক্ত ক্রমিক নং- ০৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/১০/২৩ ৬:৫৪ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান মাধ্যমে বর্ণিত কাজটি সম্পাদন করা যেতে পারে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PG2-2A/2B অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহবান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/১০/২৩ ৬:৫৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে ইজিপি-তে প্রাপ্ত সর্বনিম্ন গৃহিত দর ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৪) প্রস্তুত করা হয়েছে, যাতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৮১৪,৮৩,৯০৭.১৪৩/- (চৌদ্দ লক্ষ তিরিশি হাজার নয়শত সাত দশমিক এক চার তিন মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের অফিস দালান রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০৭) খাত হতে বহন করা হবে। যা সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত কর্মপরিকল্পনার ক্রমিক নং-৯৬, প্যাকেজ নং- G-18 এ অন্তর্ভুক্ত আছে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/১০/২৩ ৬:৫৯ অপরাহ্ন



এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of Furniture interior decoration items for the renovation of Superintending Engineer room of WSTP Circle শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে :-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮১৪,৮৩,৯০৭.১৪৩/- (চৌদ্দ লক্ষ তিরিশি হাজার নয়শত সাত দশমিক এক চার তিন মাত্র) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের অফিস দালান রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০৭) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৫/১০/২৩ ৬:৫৯ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৫/১০/২৩ ৮:৪২ অপরাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৫/১০/২৩ ৮:৪৮ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৫/১০/২৩ ৮:৪৮ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৬/১০/২৩ ১১:১৩ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
২৬/১০/২৩ ১১:১৪ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৬/১০/২৩ ১১:১৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৮/১১/২৩ ৭:০৩ অপরাহ্ন

অনুমোদিত

		
৮/১১/২৩ ৭:০৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৮/১১/২৩ ৭:৪৬ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৮/১১/২৩ ৭:৪৬ অপরাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)